R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No:—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৩২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২০শে পৌষ বুধবার, ১৩৯৫ সাল।
৪ঠা জানুয়ারী, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## জঙ্গিপুর পুরসভাকে বেকার ঋণের সিংহভাগ দেওয়া হচ্ছে

বিশেষ প্রতিনিধি : স্ব-নিযুক্তি প্রকল্পে শহরাঞ্চলের ক্ষেত্রে জঙ্গিপুর পুরসভার অধীন যুবকদের জেলার মধ্যে সর্ব্বাধিক অগ্রাধিকার দেবার সুপারিশ করা হয়েছে। সরকারী (নং ৬১৪ (২৬)/৮৮ তাং ১৫-১২-৮৮) জেলা শাসকের অফিস থেকে এক চিঠিতে বলা হয়েছে শুধুমাত্র জঙ্গিপুর পুরসভার যুবকদের চলতি আর্থিক বছরে ১৪৬ জনকে ঋণ দান করা হবে। অন্যদিকে সদর বহরমপুরের জন্য এই সংখ্যা ১৩০ জন। কান্দীর ১০৮ এবং ধুলিয়ান পুরসভার মাত্র ৮৪ জন এই সুযোগ পাবেন। জঙ্গিপুর পুরসভার যুবকদের কাছে নিঃসন্দেহে এটি সুখবর। সরকারী আদেশে আরো বলা হয়েছে, ১৯৮৯ সালের ৩১ মে-র মধ্যে ঐ সংখ্যক ঋণ গ্রহীতাকে বিলি করা হবে। স্থানীয় বাণিজ্যিক ব্যাঙ্ক সমূহের কর্মীরা সক্রিয় হলে সরকারী লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হবে। কেন না ব্যাঙ্ক কর্মীরা বিভিন্ন কারণ দেখিয়ে অনেক সময় প্রকল্পগুলি না মঞ্জুর করেন। জেলা প্রশাসনের পক্ষ থেকেও স্থানীয় ব্যাঙ্ক কর্তৃপক্ষকে এই মর্মে অনুরোধ করা হয়েছে।

## সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েত অধিগ্রহণ করা হলো

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতে রাজনৈতিক গোলযোগ দেখা দেওয়ায় জেলা শাসক সরজমিন তদন্ত করে ক্ষমতা অধিগ্রহণ করলেন। জেলা শাসকের এক আদেশ বলে ২নং ব্লকের বি ডি ও সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের প্রশাসক নিযুক্ত হয়েছেন। খবরে প্রকাশ, গত নির্বাচনে ২নং ব্লকের এই একটি গ্রাম পঞ্চায়েতই কংগ্রেসের দখলে আসে। তারপর থেকেই সি পি এম ঐ গ্রাম পঞ্চায়েতটি দখলের জন্য নানাভাবে চেষ্টা চালাতে থাকে ও শেষ পর্যন্ত অনাস্থা প্রস্তাব আনার চেষ্টা করে। তাদের দাবী—মোট ২৪ জন সদস্যের মধ্যে ১২ জনই তাদের দলে রয়েছেন। এই নিয়ে পঞ্চায়েতে রাজনৈতিক বিরোধ চরমে উঠে। ২নং ব্লকের বি ডি ও অবস্থা সামাল দিতে অপারগ হয়ে জেলা শাসককে সমস্ত ঘটনা জানালে তিনি নিজে অবস্থা পর্য্যবেক্ষণে এসে অধিগ্রহণের নির্দেশ দেন।

## ডাইরেক্টর (স্বাস্থ্য) জঙ্গিপুর হাসপাতাল পরিদর্শন করলেন

রঘুনাথগঞ্জ : গত ৩০ ডিসেম্বর পশ্চিমবঙ্গের জয়েন্ট ডাইরেক্টর অফ হেলথ ডাঃ অনিলকুমার সাহা স্থানীয় হাসপাতাল পরিদর্শন করেন। আমাদের প্রতিনিধির সঙ্গে এক সাক্ষাৎকারে তিনি জানান, তাঁর পরিদর্শন কোন বিশেষ কারণবশতঃ নয়। এ পরিদর্শন নিয়মমাফিক। বছরে দু'একবার প্রতিটি জেলার হাসপাতালগুলির কাজকর্ম কেমন চলছে, সুবিধা অসুবিধা প্রভৃতি জানার জন্য সেগুলি পরিদর্শন করার কথা। জঙ্গিপুর মহকুমা হাসপাতালে দীর্ঘ দিন ধরে রক্ত প্রস্রাব প্রভৃতি পরীক্ষা করার জন্য কোন প্যাথলজিষ্ট ও এক্সরের জন্য রেডিওলজিষ্ট না থাকার কারণ জানতে চাইলে তিনি উত্তরে বলেন—ডাক্তারের অভাব এর একটি প্রধান কারণ। অবশ্য অন্যান্য কারণও আছে। আশা করা যায় কিছুদিনের মধ্যে আমরা এর সুরাহা করতে পারবো। তিনি জঙ্গিপুর হাসপাতালের কর্মী ও ডাক্তারদের টিমওয়ার্কের প্রশংসা করেন। বিশেষ করে বর্ত্তমান এস ডি এম ও যে ভাবে তাঁর উপরে ন্যস্ত সাবডিভিসন্যাল হেলথ অফিস, লেপ্রসি বিভাগ ও কালাজ্বর সেন্টারের ভার সুষ্ঠুভাবে (শেষ পৃষ্ঠায়)

## দলীয় স্বার্থে রবীন্দ্র সদন ব্যবহারের অপচেষ্টা

বহরমপুর : বৈচিত্র্যের প্রতি-বিপদ ও সাম্প্রদায়িকতা রোধ কনভেনশনের পক্ষে শেখর দত্ত তাঁদের প্রতি বহরমপুর রবীন্দ্র সদনের পরিচালন কর্তৃপক্ষের অগণতান্ত্রিক আচরণের প্রতিবাদে গত ২৫ ডিসেম্বর এক সাংবাদিক সম্মেলনের ডাক দেন। তাঁরা জানান, কনভেনশন কমিটির তরফে রবীন্দ্রসদনে ২১ থেকে ২৩ জানুয়ারী ১৯৮৯ কনভেনশন অনুষ্ঠানের যথারীতি আবেদন জানান হয়। এবং নির্দেশমত বুকিং মানি জমা দেওয়াও হয়। রবীন্দ্র সদন পরিচালন কর্তৃপক্ষএ রপর তাঁদের নিয়মমাফিক সদন ব্যবহারের অনুমতিও দেন। কিন্তু হঠাৎ অনুমতিদানের এক মাস পর তাঁরা জানান, তাঁদের দেওয়া অনুমতি না মঞ্জুর করা হলো। কেন না (শেষ পৃষ্ঠায়)

## সুসংহত গ্রামীণ প্রকল্পে ঋণ দানের লক্ষ্যমাত্রা ১০০০ পরিবার

জঙ্গিপুর : চলতি আর্থিক বছরে রঘুনাথগঞ্জ ১নং ব্লকের ৯টি গ্রাম পঞ্চায়েতে সুসংহত গ্রামীণ কর্মসূচী প্রকল্পে দারিদ্র সীমার নীচে বসবাসকারী এক হাজার পরিবারকে ২৮ লক্ষ টাকা ব্যাঙ্ক ঋণ এবং ১৪ লক্ষ টাকা অনুদান দেওয়া হবে। জেলা প্রকল্প আধিকারিক অফিসের জনৈক মুখপাত্র আমাদের প্রতিনিধিকে এ খবর জানান। উল্লেখ্য এই প্রথম গ্রামীণ মানুষকে এত বেশী ঋণ দেবার সরকারী লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। আরো উল্লেখ্য, গত আর্থিক বছরে রঘুনাথগঞ্জ ২নং ব্লক জেলার ঋণ দানের ক্ষেত্রে ২৬তম স্থানে ছিল। চলতি আর্থিক বছরে ব্লকের লক্ষ্যমাত্রা পূরণের জন্য সর্বস্তরে উদ্যোগ নেওয়া হয়েছে।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২০শে পৌষ বুধবার ১৩৯৫ সাল

## নববর্ষ

১৯৮৮ বিদায় লইল। ৩১শে ডিসেম্বর রাত্রি ১২টা বাজার সঙ্গে সঙ্গে নতুন বৎসর ১৯৮৯ এর যাত্রা শুরু হইল। কালচক্র এই পৃথিবীর বুকে নিত্য ঘূর্ণায়মান। নিত্য নতুন ঘটনা ঘটিতেছে, পুরাতন ঘটনা স্মৃতি হইতেছে, আবার নতুন ঘটনার অঙ্কুরোদগম হইতেছে। এই বিশাল ব্রহ্মাণ্ডে আমাদের অগোচরে অজ্ঞাতে কত প্রলয়, কত সৃষ্টি হইতেছে, মহাকালের বিশালতার কাছে তাহা অত সীমিত ক্ষণমাত্র। একটি, নিমেষ কোটি কোটি বৎসর। মানুষ কালকে দণ্ড, পল ঘণ্টা, মিনিট, সেকেণ্ড প্রভৃতি এককে সীমাবদ্ধ করিয়াছে। কখনও বা কাল এককের ক্ষুদ্রত্বকে বৃহৎ আলোকবর্ষ একককরূপে চিহ্নিত করিতেছে। ১৯৮৮ যাহা কিছু ভালমন্দ ঘটনা প্রবাহ ঘটাইয়া বিদায় লইল তাহা এই মহাকালস্রোতে এক ক্ষীণতম বুদবুদ মাত্র। নতুন বর্ষে নানা আশা, নানা আকাঙ্খা ও সম্ভাবনার কথা ভাবিয়া মানুষ কর্মচক্রে পথে আবর্তিত হইবে। বিগত বৎসরে এই মানুষই ঘটাইয়াছে নানা ঘটনা। রাশিয়া, আমেরিকা দুই বৃহৎ শক্তিধর দেশের মহানেতাদ্বয় জেনেভায় অস্ত্র সীমিতকরণ চুক্তি সহি করিয়া বিশ্বশান্তির পথে নতুন পদক্ষেপ করিয়াছেন। আফগানিস্থান হইতে রুশ সৈন্য প্রত্যাহারের রুশীয় সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। শ্রীলঙ্কায় ভারতীয় শান্তিবাহিনী শান্তি কার্য্যে বিশ্বের তাবৎ দেশের কাছে সুখ্যাতি অর্জন করিয়াছে। রাজনীতি ছাড়াও অন্যান্য ক্ষেত্রে মহাবিপর্য্যয় ঘটিয়াছে। যার মধ্যে রাশিয়ার আর্মেনিয়ায় ভয়াবহ ভূমিকম্পে প্রায় ৭/৮ লক্ষ মানুষের জীবনাবসান ও ৮/১০টি শহরের সম্পূর্ণ বিনাশ '৮৮ সালকে চিরস্মরণীয় করিয়া রাখিয়াছে। কালচক্রে গত বৎসরের বিশেষ চিহ্নিত ঘটনা বিমান ধংসে পাক প্রেসিডেন্ট 'জিয়াউল হকের এন্তেকাল ও সেই পরিপ্রেক্ষিতে পাকিস্থানে গণতন্ত্রের প্রত্যাবর্তনে ভুট্টো তনয়া বেনজির ভুট্টোর পাক রাজনীতির মঞ্চে প্রধানমন্ত্রীরূপে প্রতিষ্ঠা লাভ। ভারতে গোর্খা আন্দোলনের পথ পরিবর্তন গত বৎসরের আর এক ঐতিহাসিক স্মরণীয় ঘটনা। যে ঘটনার শেষে গোর্খা পার্বত্য পরিষদ গঠন ও সুবাস ঘিসিং এর সেই পরিষদে সর্বোচ্চ পদ লাভ আর একটি ঐতিহাসিক ঘটনা। বিগত বৎসরে নৈসর্গিক নানা ঘটনায় ভারতবর্ষও বিব্রত হইয়াছে। পাঞ্জাবে হিংসাত্মক আন্দোলনে হাজার হাজার মানুষের মৃত্যু। এবং ভূমিকম্পে কয়েকটি শহরের ব্যাপক ক্ষতিসাধনের সঙ্গে সঙ্গে হাজার হাজার মানুষের প্রাণহানি বিগত বৎসরকে চিরস্মরণীয় করিয়া রাখিবে। এত ধ্বংসের এত ক্ষয়ক্ষতির মধ্যেও মানুষ নতুন আশা বুকে লইয়া নতুন বৎসরকে আহ্বান জানাইতেছে। সকলেই আশা করিতেছে নবীন বৎসর, কি রাজনৈতিক, কি নৈসর্গিক সর্ব প্রকার দুঃখ দুর্দশার অবসান ঘটাইয়া নূতন ও সার্বিক কল্যাণ সাধন করিয়া সকলকে নূতনভাবে প্রাণবন্ত করিয়া তুলিবে।

## সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্প প্রশিক্ষণ কর্ম্মশালা

সুতি ১নং পঞ্চায়েত সমিতির উদ্যোগে গত ২২ ও ২৩ ডিসেম্বর সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্ম্মসূচী ও অন্যান্য উন্নয়নমূলক প্রকল্পের উপর দু'দিনব্যাপী গ্রামীণ কর্ম্মশালা আহিরণ ফ্লাড সেন্টার ভবনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্ম্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্পের জেলা প্রকল্প আধিকারিক পূর্ণানন্দ মুখোপাধ্যায়, সভাপতিত্ব করেন সুতি ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি অসিতকুমার দাস। প্রধান অতিথি ছিলেন মুর্শিদাবাদ জেলা শাসক দেবাদিত্য চক্রবর্ত্তী। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ডি, আর, ডি এর প্রকল্প আধিকারিক ও সহ-প্রকল্প আধিকারিক সুনীল ভৌমিক, সুজয় নিয়োগী ও ডি, এল, বিশ্বাস। এই প্রশিক্ষণ কর্ম্মশালায় শিক্ষানবীশ হিসাবে পঞ্চায়েত সমিতির সদস্য ব্লকের সম্প্রসারণ আধিকারিক, গ্রাম পঞ্চায়েত প্রধান, উপ-প্রধান. গ্রাম সেবক ও ব্যাঙ্কের ম্যানেজাররা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির ভাষণে জেলা শাসক শ্রীচক্রবর্ত্তী বিকেন্দ্রীক পরিকল্পনার ফলশ্রুতি হিসাবে ব্লক পরিকল্পনা রচনার গুরুত্ব উদ্দেশ্য ও উপযোগতা সম্পর্কে বিশদ ব্যাখ্যা করেন এবং সংশ্লিষ্ট সকলকে স্থানীয় সম্পদের উপর নির্ভর করে প্রয়োজন ভিত্তিক ব্লক পরিকল্পনা রচনা করার জন্য বিশেষ গুরুত্ব দিতে অনুরোধ করেন। (মহকুমা তথ্য)

## বি এস এফ কর্মীর বিরুদ্ধে অভিযোগ

জঙ্গিপুর : সীমান্ত রক্ষীবাহিনীর জনৈক কর্মী নেশা করে সম্মতিনগর বাজারের কাছে এক পথচারীকে মারধোর করলে স্থানীয় মানুষদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। ঘটনাটি ঘটে ৩০ ডিসেম্বর। খবরে প্রকাশ, লোকটি তাঁর অসুস্থ গরু নিয়ে ডাক্তারখানা থেকে ফেরার পথে নেশাগ্রস্ত এক বি এস এফ কর্মীর হাতে লাঞ্ছিত হন। গ্রামবাসীরা উক্ত কর্মীর বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে অভিযোগ করেছেন।

## সপ্তাহে শতাধিক সভা

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের গ্রাম পঞ্চায়েত প্রধানেরা মিটিং-এর বহর দেখে চোখ কপালে তুলেছেন। বিভিন্ন বিষয় নিয়ে সভায় উপস্থিত হতে গিয়ে তাঁদের প্রাণান্তকর অবস্থা! গ্রাম পঞ্চায়েত, ব্লক বা পঞ্চায়েত সমিতি আহূত বিভিন্ন সভায় উপস্থিত থাকতে হচ্ছে। ফলে গ্রাম উন্নয়ন ভীষণভাবে ব্যাহত হচ্ছে। এরপর আছে পার্টির ডাক। গত সপ্তাহে এই রকম ১০০টি সভা অনুষ্ঠিত হয়েছে।

## পাটের শ্রেণী বিন্যাস বিষয়ে প্রশিক্ষণ শিবির

রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ জেলার কৃষি বিপণন অধ্যক্ষের উদ্যোগে গত ১৩ ও ১৪ ডিসেম্বর স্থানীয় ১নং ব্লকের দফরপুর প্রাথমিক বিদ্যালয়ে তপশিলী সম্প্রদায়ভুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক পাট উৎপাদকদের পাটের শ্রেণীবিন্যাসের উপর বিশেষ প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। মোট ২০ জন পাট চাষী উক্ত শিবিরে প্রশিক্ষণ নেন। উভয় দিন সকাল ১০টা থেকে বিকাল ৪-৩০ মিঃ পর্যন্ত শিবিরের কাজ চলে। কৃষিজ বিপণন দপ্তরের বিভিন্ন আধিকারিক, ভারত সরকারের পাট ক্রয় কেন্দ্রের আঞ্চলিক ম্যানেজার, মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক প্রমুখ প্রশিক্ষণ শিবিরে বক্তব্য রাখেন। ঐ শিবিরে আলোচনার বিষয় ছিল ১) প্রশিক্ষণ শিবিরের উপযোগিতা ও প্রয়োজনীয়তার উপর সরকারী চিন্তা ভাবনা ২) উন্নত মানের পাট উৎপাদনের জন্য কারিগরি পদ্ধতি ৩) পাটের শ্রেণী বিন্যাসের প্রয়োজনীয়তা ৪) পাট বিপণনের সমস্যাবলী এবং তার সম্ভাব্য প্রতিকার ইত্যাদি।

দুই দিনের প্রশিক্ষণ শিবির স্থানীয় পাট চাষীদের বিপুলভাবে উৎসাহিত করে। শিবিরের কাজ সুষ্ঠুভাবে চলার কাজে গ্রাম বাসীদের সহযোগিতা প্রশংসনীয়।

(মহকুমা তথ্য)

## বিড়ি পাতার গুদামে আগুন

রঘুনাথগঞ্জ : গত ২ জানুয়ারী রাত্রে স্থানীয় শহরের মধ্যস্থলে অওরঙ্গাবাদের গিয়াসুদ্দিনের ভারত বিড়ি ফ্যাক্টরীর বিড়ি পাতার গুদামে আগুন লেগে প্রায় ১০ লক্ষ টাকার পাতা পুড়ে যায়। আগুন লাগার খবর পেয়ে বহরমপুর ও ফরাক্কা থেকে দমকল বাহিনী ঘটনাস্থলে এসে আগুন নেভায়। গুদাম ঘরটিরও বেশ ক্ষতি হয়েছে বলে খবর। বৈদ্যুতিক গোলযোগ আগুন লাগার কারণ বলে পুলিশের ধারণা।

## গ্রামীণ উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ শিবির

সাগরদীঘি : সম্প্রতি স্থানীয় পঞ্চায়েত সমিতি সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্পের এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করেন। শিবিরের উদ্বোধনী ভাষণে বিডিও বাদলচন্দ্র দাস এই ব্লকে কি কি সম্পদ আছে এবং মানুষের কর্মসংস্থানে কিভাবে ব্যবহার করা যায় তা বুঝিয়ে বলেন। পঞ্চায়েত সভাপতি কানাইলাল চক্রবর্ত্তী বলেন পঞ্চায়েত সদস্যদের আরোও দায়িত্বশীল হতে হবে। সঠিক মানুষকে নির্বাচিত করে যাতে তারা ব্যাঙ্ক লোন ঠিকমত পেতে পারেন তার চেষ্টা করতে হবে। সহকারী প্রোজেক্ট অফিসার সুজয় নিয়োগী তাঁর ভাষণে বলেন যেসব গ্রামবাসী যে কাজে অভিজ্ঞ ও অভ্যস্ত তাঁদের সেইসব কাজের সুযোগ করে দিতে হবে। অপর সহকারী প্রোজেক্ট অফিসার ডাঃ ধীরেন বিশ্বাস বলেন, পঞ্চায়েত সদস্যদের সজাগ হতে হবে যাতে নির্বাচিত ব্যক্তিরা কাজ করেন ও ব্যাঙ্ক লোন ঠিক সময়ে পরিশোধ করেন। জেলার মৎস্য উন্নয়ন সংস্থার এক্সিকিউটিভ অফিসার মঙ্গলময় চট্টোপাধ্যায় গ্রামীণ সম্পদের সুষ্ঠু ব্যবহার যাতে হয় সেদিকে সরকারী কর্মী, পঞ্চায়েত সদস্য ও ব্যাঙ্ককে সজাগ থাকতে উপদেশ দেন। ডি, আর, ডি এ প্রোজেক্ট অফিসার সুনীল ভৌমিক বলেন, ৬ষ্ট পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রাম-উন্নয়ন কর্মসূচী কেন্দ্রীয় ও রাজ্য সরকারের মাধ্যমে পরিচালিত হবে বলে নির্দিষ্ট আছে। তাই রাজ্য সরকারের ভারপ্রাপ্ত কর্মীদের দেখতে হবে যাতে ক্রুটির জন্য অর্থ নষ্ট না হয়। শেষ বক্তব্যে পরেশ দাস মাঝে মাঝে এরূপ প্রশিক্ষণ শিবির করা প্রয়োজন বলে তাঁর অভিমত ব্যক্ত করেন।

## অষ্টপ্রহর নাম সংকীর্ত্তন

জঙ্গিপুর : গত ২১ ডিসেম্বর স্থানীয় সরস্বতী লাইব্রেরী প্রাঙ্গণে মহানাম সম্প্রদায়ের উদ্যোগে অষ্ট প্রহরব্যাপী মহানাম সংকীর্ত্তন উৎসব অনুষ্ঠিত হয়। ২২ ডিসেম্বর নগরকীর্ত্তন শেষে প্রায় তিন হাজার নরনারী মহাপ্রসাদ গ্রহণ করেন

## গ্রামীণ ব্যাঙ্কের বার্ষিক স্পোর্টস

জঙ্গিপুর : স্থানীয় স্কুল মাঠে গত ১৪ ডিসেম্বর গৌড় গ্রামীণ ব্যাঙ্ক কর্মচারীদের ৪র্থ বার্ষিক দৌড়-ঝাঁপ উৎসব সম্পন্ন হয়। মালদহ, পঃ দিনাজপুর ও মুর্শিদাবাদের শতাধিক কর্মী এই খেলায় অংশ গ্রহণ করেন। গৌড় গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান ও জেনারেল ম্যানেজার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## চক্ষু অপারেশন শিবির

মির্জাপুর : ভারতীয় রেডক্রশ সোসাইটি জঙ্গিপুর শাখার পরিচালনায় এবং স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাবের ব্যবস্থাপনায় বিনা খরচে চক্ষু অপারেশন শিবির গত ২৪ থেকে ২৮ ডিসেম্বর এখানে ডি, পি, হাই স্কুলে খোলা হয়। মুর্শিদাবাদের জেলা শাসক শিবিরের উদ্বোধন করেন। মোট ১৩০ জন রোগীর চক্ষু অপারেশন হয়। কলকাতার জননী ফাইনান্স এণ্ড ইনভেষ্টমেন্ট কোং লিমিটেড অপারেশনের শেষে রোগীদের মধ্যে কালো চশমা বিতরণ করেন।

## প্রধানের আত্মীয়ের ক্ষেত্রে সাতখুন মাপ

সাগরদীঘি : সাগরদীঘি পূর্ব্ব চক্রের ছামুগ্রাম ফ্রি প্রাইমারী স্কুল ঘর মেরামতের জন্য আট হাজার টাকা মঞ্জুর হয় বলে খবর। তারমধ্যে নাকি চার হাজার টাকা ইতি মধ্যেই প্রধান শক্ষিককে দেওয়া হয়েছে। গ্রামবাসীদের অভিযোগ ঐ চার হাজার টাকায় উপযুক্ত মেরামতি কাজ না করে প্রধান শিক্ষক নাকি সব টাকাই খরচ দেখিয়ে হিসাব দাখিল করেছেন। গ্রামবাসীরা এ ব্যাপারে অনুসন্ধান করতে গেলে সহকারী শিক্ষকরা বলেন, তাঁরা কিছুই জানেন না। সাগরদীঘি গ্রাম পঞ্চায়েত প্রধানকে অভিযোগ জানালে তিনি ওসব ব্যাপারে গ্রামবাসীদের নাক গলানোর কোন প্রয়োজন নেই বলে জানান। এবং যা করার তিনি করবেন বলে প্রতিশ্রুতি দেন। ক্ষুব্ধ গ্রামবাসীদের বক্তব্য, যেহেতু প্রধান শিক্ষক প্রধানের আত্মীয় তাই তিনি অভিযোগ চাপা দিতে চাইছেন।


### বিশেষ বিজ্ঞপ্তি

## বিবেকানন্দ বিদ্যানিকেতন

ইংরাজী মাধ্যম বিদ্যালয় ॥ স্থাপিত –১৯৭৭

১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে শিশু ভর্ত্তির জন্য ফর্ম দেওয়া হচ্ছে। নার্শারী, প্রিপারেটরী ও কেজি ক্লাসে তিন হতে ছয় বছরের শিশুকে ভর্ত্তি করা হয়। শিক্ষাবর্ষ ১৯৮৯ এর মে মাসে শুরু হইবে। বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন।

যোগাযোগের ঠিকানা

১। জোতকমল জুঃ হাইস্কুল, গ্রাম জোতকমল, পোঃ জঙ্গিপুর

২। ম্যাকেঞ্জী পার্ক ফ্রিঃ প্রাঃ স্কুল, পোঃ রঘুনাথগঞ্জ

সময় : সকাল ৮টা হইতে ৯টা পর্যন্ত

ভারপ্রাপ্ত শিক্ষক

২৪-১২-৮৮


## বাদাম চাষে পাইরাইটের উপযোগিতা ও প্রয়োগ

গাছের প্রধান খাদ্য নাইট্রোজেন, ফসফরাস ও পটাশ। তার পরেই সালফার-এর স্থান। বিশেষ করে তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য সালফার অপরিহার্য্য। বিভিন্ন কারণে জমিতে সালফার এর অভাব ঘটে। তাই ঘাটতি পূরণের জন্য জমিতে সালফার প্রয়োগের প্রয়োজন।

বাদাম সিম্ব গোত্রীয় তৈলবীজ এবং সাধারণতঃ বালুকা মাটীতে উৎপন্ন হয়ে থাকে। কাজেই অধিক ফসল পেতে হলে বাদাম চাষে সালফার ও ক্যালসিয়াম প্রয়োগ অপরিহার্য্য। যৌগিক সারের পরিবর্তে যদি মৌলিক সার যেমন —ক্যালসিয়াম এ্যামোনিয়াম নাইট্রেট, সিঙ্গল সুপার ফসফেট এবং মিউরেট অফ পটাস ব্যবহার করা যায় তাহলেও ঐ সারের মাধ্যমে ক্যালসিয়াম এবং সালফার মাটিতে প্রয়োগ করা হয়।

বিভিন্ন রাসায়নিক সার থেকে সালফার পাওয়া যায়। কিন্তু অন্যান্য সারের তুলনায় স্বল্প মূল্যে সালফার পাওয়া যায় পাইরাইট থেকে।

### কিভাবে পাইরাইট প্রয়োগ করবেন :

বাদাম লাগানোর ২১-৩০ দিন আগে জমিতে পাইরাইট প্রয়োগ করা প্রয়োজন। তবে লক্ষ্য রাখতে হবে যে পাইরাইট প্রয়োগের সময় যেন জমিতে রস-এর (Moisture) অভাব না ঘটে। প্রতি হেক্টরে ২০০ কেজি পাইরাইট প্রয়োগ করতে হবে।

এ বিষয়ে আরও জানার জন্য ও পাইরাইট সংগ্রহ করার জন্য নিকটস্থ কৃষি সম্প্রসারণ কর্মীর সাথে যোগাযোগ করুন।

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত।

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ

## সি পি আই থেকে ব্যাপক পদত্যাগ

রঘুনাথগঞ্জ : স্থানীয় সি পি আই দলের ভিতর নেতৃত্বের কলহে শেষ পর্যন্ত ব্যাপক পদত্যাগ ঘটেছে। বিশ্বস্ত সূত্রে জানা যায়, এই দলের প্রাক্তন সম্পাদক ও পুরসভার কমিশনার দিলীপ সাহা দলের জেলা কমিটির স্থানীয় সদস্যের অগণতান্ত্রিক ও স্বৈরাচারী আচরণের প্রতিবাদে দল থেকে পদত্যাগ করেছেন। এবং তাঁকে অনুসরণ করে লোক্যাল কমিটির ৮টি শাখা সোনাটিকুরী, গদাইপুর, দেউলি, সোনাটিকুরী কলোনী, দেউলি কলোনী, নয়াগ্রাম এবং বাবুবাজারের সকল সভ্য দল থেকে পদত্যাগের ঘোষণা করেন। সি পি আই দলের স্থানীয় জেলা প্রতিনিধি হরি তেওয়ারীকে এ সম্বন্ধে প্রশ্ন করলে তিনি দিলীপ সাহার পদত্যাগ স্বীকার করেন। তিনি জানান, দিলীপ সাহাসহ কয়েকজনের বিরুদ্ধে দলবিরোধী ও নীতিবিরোধী কার্য্যকলাপের অভিযোগ উঠেছে। তাঁদেরকে দল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হচ্ছে এ খবর পেয়েই তাঁরা পদত্যাগ করে নিজেদের ভাবমূর্তি পরিষ্কার রাখার চেষ্টায় মেতেছেন।

## স্বাস্থ্যকেন্দ্রের অনৈতিক ঘটনা থানায় গড়ালো

জঙ্গিপুর : তেঘরী স্বাস্থ্য কেন্দ্রের সিনিয়র নার্স কৃষ্ণা চ্যাটার্জী ও ফিল্ড ষ্টাফ আবদুর রহমানের ঘটনা শেষ তক থানা পর্যন্ত গড়ায়। গত ২৫ ডিসেম্বর রাত্রে জনৈক রোগীকে ভর্তি করতে গেলে ডিউটিরত নার্স কৃষ্ণা চ্যাটার্জীকে অফিসে পাওয়া যায় না। খোঁজে তাঁর কোয়ার্টারে গেলে ঘরের মধ্যে পুরুষ মানুষের সন্দেহজনক কথাবার্তা শোনা যায়। কৌতুহলবশতঃ স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তারকে সংবাদ দেওয়া হলে, তিনি এসে ঘরটি তালাবন্ধ করে পুলিশে খবর দেন। পুলিশ ঘটনা স্থলে গিয়ে ঘর খুলে শ্রীমতী চ্যাটার্জী ও আবদুর রহমানকে দেখতে পান। তাঁদের দু'জনকেই থানায় নিয়ে আসা হয়। শেষ পর্যন্ত স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তারবাবুর মধ্যস্থতায় উভয়কেই মুক্তি দেওয়া হয়। বর্তমানে দু'জনেই ছুটিতে আছেন বলে খবর।

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে !
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

ফ্রি সেলে নন লেভি এ সি সি এল এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা । নিউ দিল্লী

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অজুতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# সতর্ক বার্তা

বর্তমান মেঘলা আবহাওয়া ও তার সঙ্গে মাঝে মাঝে হালকা বৃষ্টিপাত। এই অবস্থায় তৈল বীজ ফসলে জাব পোকার আক্রমণ হওয়ার খুবই সম্ভাবনা আছে। আলুতেও এই পোকার আক্রমণ হতে পারে। জাব পোকায় ফসলের রস চুষে খায়। ফলে ফলন ভীষণভাবে কমে যেতে পারে।

এই আবহাওয়ায় আলুতে ধ্বসা রোগের আক্রমণের সম্ভাবনা আছে। সুতরাং এই আবহাওয়ার পরিপ্রেক্ষিতে চাষী ভাইদের, এই রোগ ও পোকার আক্রমণ হওয়ার পূর্বেই নিম্নলিখিত প্রতিশোধক মূলক ব্যবস্থা নিতে পরামর্শ দেওয়া হচ্ছে।

| ফসলের নাম | রোগ ও পোকার নাম | ওষুধের নাম | পরিমাণ প্রতি লিটার জলে |
|---|---|---|---|
| তৈলবীজ | জাব পোকা | ১। মিথাইল ডেমিটন যেমন মেটাসিস্টক্স | ১ মিঃ লিঃ |
| | | অথবা ২। ডাইমিথয়েড যেমন রোগোর, তারা—৯০৯ | ১ মিঃ লিঃ |
| | | অথবা ৩। ফসফোমিডন যেমন ডিক্রেমণ—১০০ ই লি | ½ মিঃ লিঃ |
| আলু | জাব পোকা | ঐ | ঐ |
| আলু | ধ্বসা রোগ | ১। ম্যানকোজেব যেমন ডায়াথেন—এম ৪৫ | ২½ গ্রাম |
| | | অথবা ২। কপার অক্সিক্লোরাইড যেমন ব্লাইটক্স, ফাইটোলেন, ব্লু কপার, কুপ্রাসল। | ৪ গ্রাম |

বিঃ দ্রঃ—১। তৈলবীজে বৈকালের দিকে ওষুধ ছড়াতে হবে।
২। আলুতে কাণ্ডসহ পাতার দুই দিকে ভালভাবে ওষুধ ছড়াতে হবে।

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক
কর্তৃক প্রচারিত

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ

## জঙ্গিপুর হাসপাতাল পরিদর্শন করলেন

( ১ম পৃষ্ঠার পর )

বহন করে চলেছেন তারও প্রশংসা করেন। এত সব দায়িত্ব ভার চাপান সত্বেও তিনি হাসপাতালের নিয়ম শৃঙ্খলা যাতে ভেঙ্গে না পড়ে তার দিকে সজাগ দৃষ্টি রেখেছেন। তিনি আরোও বলেন—অবশ্য এ সব ক্ষেত্রে স্থানীয় মানুষের সহযোগিতা বিশেষ প্রয়োজন। তবে এখানে সেটুকু র'য়েছে বলে তিনি মনে করেন। রাজানগর স্বাস্থ্যকেন্দ্র সম্বন্ধে তাঁর বক্তব্য, ওখানে স্বাস্থ্যকর্মীরা গ্রামে গঞ্জে ঘুরে যথারীতি প্রিভেনটিভ ওয়ার্ক চালিয়ে যাচ্ছেন এবং তাঁদের কাজ করার ইচ্ছা তাঁর চোখে ভাল লেগেছে। তবে তাঁর অভিমত, কর্মীদের উৎসাহিত করতে উর্ধতন কর্তৃপক্ষেরও মাঝে মাঝে কর্মীদের কাজের পরিদর্শন ও মূল্যায়ন বিশেষ প্রয়োজন।

## রবীন্দ্র সদন ব্যবহারের অপচেষ্টা

( ১ম পৃষ্ঠার পর )

ঐ ক'দিনের জন্য আগেই এস এফ আই এর রজত জয়ন্তী সম্মেলন উপলক্ষে নাকি রবীন্দ্র সদন বুক করা ছিল। ভুলবশতঃ কনভেনশন কমিটিকেও অনুমতি দেওয়া হয়ে গেছে। এই চিঠি পাওয়ার পর কনভেনশন কর্তৃপক্ষের স্বভাবতই ধারণা হয় যে শাসক দলের স্বার্থে তাঁদেরকে দেওয়া অনুমতি ইচ্ছাকৃতভাবে বাতিল করা হয়। অগণতান্ত্রিকভাবে এই বৈধ অনুমতি বাতিল করার প্রতিবাদে তাঁরা জেলা শাসকের হস্তক্ষেপ দাবী করেন। কিন্তু জেলা শাসক এ ব্যাপারে কোনরূপ প্রতিশ্রুতি দিতে অস্বীকার করেন। অগত্যা কমিটি মহামান্য হাইকোর্টের শরণাপন্ন হলে, মহামান্য হাইকোর্ট ২১ ডিসেম্বর কনভেনশন কমিটির পক্ষে রায় দিয়ে রবীন্দ্র সদন কর্তৃপক্ষকে এই কনভেনশন কমিটি ছাড়া অন্য কাউকে রবীন্দ্র সদন ব্যবহারের অনুমতি দেওয়া থেকে বিরত থাকার অন্তবর্তীকালীন আদেশ জারী করেন। বহরমপুর শহরের বুদ্ধিজীবী মানুষদের বৃহত্তম অংশ সদন কমিটির এই অগণতান্ত্রিক আচরণের তীব্র নিন্দা করেন।